



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

www.cpa.gov.bd

পরিচালক(প্রশাসন), চবক এর দপ্তরাদেশ নামা নং- ৬৬/২০১৮

তারিখঃ ২২/০৫/২০১৮ খ্রিঃ

লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে কর্মচারীদেরকে পদোন্নতি প্রদান করা হলেও কর্মচারীরা নির্ধারিত সময়ে পদোন্নতি প্রাপ্ত পদে যোগদান না করে তাঁর/তাদের সুবিধামত সময়ে কয়েক মাস/বছর পর পছন্দনীয় বিভাগে পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের আবেদন/নিবেদন/তদবির করেন। অনেকেই লিখিতভাবে পদোন্নতি না নেয়ার জন্য আবেদন করেও পরবর্তীতে সুবিধাজনক সময়ে পছন্দনীয় বিভাগ/শাখায় পদায়নসহ পদোন্নতি প্রদানের জন্য আবেদন/নিবেদন/তদবির করছেন। তাছাড়া পদোন্নতি প্রাপ্ত পদে যোগদান না করে পরবর্তীতে সংশ্লিষ্ট জ্যেষ্ঠতা তালিকার সর্বোচ্চ স্থানে নাম অর্গভুক্তির জন্য আবেদন/নিবেদন/তদবির করছেন, যা দাপ্তরিক শৃঙ্খলার পরিপন্থি। এতে দাপ্তরিক কাজের গতিশীলতা ব্যাহত হওয়া সহ প্রশাসনিক কাজে বিশৃঙ্খলা সৃষ্টি হয়। উল্লেখ্য যে, উক্ত বিষয়ে সদস্য (এএন্ডপি), চবক এর বিজ্ঞপ্তি নং-০১/২০০৮ তারিখঃ ০৩/০৮/২০০৮ জারী করা হলেও তা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না।

২। এমতাবস্থায়, কোন কর্মচারী নির্ধারিত সময়ের মধ্যে পদোন্নতি প্রাপ্ত পদে যোগদান না করেন, তবে তাঁর/তাদের পদোন্নতি বাতিল বলে গণ্য হবে। তিনি/তারা চবক-তে আর কখনো উচ্চ কোন পদে পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবেন না এবং পদোন্নতির জন্য তাঁর কোন আপীল/আবেদন গ্রহণযোগ্য হবে না। অনুমোদিত জ্যেষ্ঠতা তালিকা থেকে অন্যান্য কর্মচারীদের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বিধিমতোভাবে পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পূরণ করা হবে। উক্ত বিষয়ে চবক কর্মচারী চাকুরী প্রবিধানমালা-৯১ এর বিধি-বিধান মেনে চলা সকলের জন্য বাঞ্ছনীয়।

৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-

পরিচালক(প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং- ১৮.০৪.০০০০.১৮১.১১.০২৬-২০১৫/১৬৩

তারিখঃ ২২/০৫/২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। সকল সদস্য, চবক।
- ২। সকল বিভাগীয় প্রধান/শাখা প্রধান, চবক।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। গার্ড ফাইল/অফিস কপি।

পরিচালক(প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ